

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মুসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-৪১/মুসক/২০১৩ তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ/ ১৪ আগস্ট, ২০১৩ খ্রিষ্টাব্দ

যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, নিম্নোক্ত টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) এর আওতাধীন কলাম (২) এ উল্লিখিত উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে উহাদের প্রস্তুতকরণ বা উৎপাদন ও সরবরাহ পর্যায়ে ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন,

সেহেতু, বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে নিম্নোক্ত টেবিলে বর্ণিত পণ্যসমূহের বাংলাদেশে প্রস্তুতকরণ বা উৎপাদন পর্যায়ে সরবরাহের ক্ষেত্রে টেবিলের কলাম (৪) এ বর্ণিত ট্যারিফ মূল্য নির্ধারণ করিল, যথা:-

শর্ত :

- (১) নিম্নবর্ণিত ট্যারিফ মূল্য কেবল মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণের জন্য নির্ধারিত মূল্য এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ অনুযায়ী এই ক্ষেত্রে কোনো উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না;
- (২) সংশ্লিষ্ট উৎপাদনকারী মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপ-ধারা (২) অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে তদকর্তৃক সরবরাহকৃত পণ্যে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন;
- (৩) নিম্নোক্ত টেবিলের ৪নং ক্রমিকে উল্লিখিত এককের চেয়ে পণ্য সামগ্রীর পরিমাণ কম বা বেশি হইলে, আনুপাতিক হারে ট্যারিফ মূল্য প্রযোজ্য হইবে;
- (৪) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোনো সময় নিম্নোক্ত টেবিলে বর্ণিত যে কোনো পণ্যের ট্যারিফ মূল্য পরিবর্তন কিংবা রহিত করিতে পারিবে।

টেবিল-১

(পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদন ও সরবরাহ পর্যায়ে)

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code)	পণ্য সামগ্রীর বিবরণ	ট্যারিফ মূল্য (একক)
(১)	(২)	(৩)	(৪)
৬৮.১০	সংশ্লিষ্ট এইচএস কোড	বৈদ্যুতিক খুঁটি	দরপত্রে উদ্ধৃত সর্বমোট মূল্যের ৬৬.৬৭%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-১৪/০৮/২০১৩

[মোঃ শওকাত হোসেন]

প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপক : উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(আদেশটি গেজেট আকারে মুদ্রণপূর্বক ৫০০
(পাঁচশত) কপি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার
জন্য অনুরোধ করা হলো)।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/৪০০

তারিখঃ ১৪/০৮/২০১৩ খ্রিঃ।

(ক) অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৩-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চক্ষুগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/
সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৫-১৯। কমিশনার, কাস্টম হাউস, চক্ষুগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল।
- ২০-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা/চক্ষুগ্রাম।
- ২২। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ৬৯, গুলফেসা পঞ্জাজা, বড়মগবাজার, ঢাকা।
- ২৩। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ২৪। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৫। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৭। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৮-২৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (মূসক/শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩০-৩১। অফিস কপি/গার্ড নথি, মূসক আইন ও বিধি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(খ) অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও তাঁর সংস্থাত্ত্বক সদস্যগণের মধ্যে বিতরণের জন্য :

- ০১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)